



বাংলাদেশ ফিল্ম আর্কাইভ তথ্য মন্ত্রণালয়

এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।



website: www.bfa.gov.bd; e-mail: bfarchive@gmail.com

নং -১৫.৫৮.০০০০.১০৬.১৮.৪৯৪.১৪ (অংশ -০২)/ ৪২

তারিখ: ১৫/০১/২০১৮

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল

১৪তম সংখ্যার জন্য লেখা আহ্বান


বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল-এর ১৪তম সংখ্যায় প্রকাশের জন্য লেখা আহ্বান করা যাচ্ছে।

জার্নালে লেখার ক্ষেত্রে অনুসৃত পদ্ধতি

- ◆ প্রয়াত নায়করাজ রাজ্জাক সংশ্লিষ্ট প্রবন্ধকে প্রাধান্য দেওয়া হবে। এছাড়াও চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ, চলচ্চিত্র শিক্ষা ও গবেষণা, চলচ্চিত্রের ঐতিহাসিক, নান্দনিক ও কারিগরি দিক; চলচ্চিত্র ও চলচ্চিত্র বিষয়ক গ্রন্থের আলোচনা, বিশ্লেষণ ও সমালোচনা; চলচ্চিত্র নির্মাণের প্রযুক্তি ও বিবর্তন এবং শিশুতোষ চলচ্চিত্র নির্মাণ সংশ্লিষ্ট প্রবন্ধসমূহ, চলচ্চিত্র বিষয়ক যে কোন প্রবন্ধ জার্নালটিতে স্থান পাবে।
- ◆ বাংলা একাডেমির প্রমিত বানানরীতি অনুসরণ করতে হবে। প্রবন্ধ ৩,০০০ থেকে ৫,০০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। প্রবন্ধের সাথে ১০০ থেকে ২০০ শব্দের মধ্যে সারসংক্ষেপ প্রদান করতে হবে।
- ◆ লেখা মৌলিক, গবেষণামূলক ও অপ্রকাশিত হতে হবে। এ বিষয়ে লেখককে অংগীকারনামা প্রদান করতে হবে।
- ◆ হাতে লেখা কোন প্রবন্ধ গ্রহণযোগ্য হবে না। লেখা এ-৪ সাইজের সাদা কাগজের এক পৃষ্ঠায় SutonnyMJ (বাংলা লেখার ক্ষেত্রে) ও Times New Roman (ইংরেজী লেখার ক্ষেত্রে) ফন্টে ডাবল স্পেসে কম্পোজ করতে হবে। প্রবন্ধে উল্লেখিত চলচ্চিত্রের নাম ইটালিক হবে ও চলচ্চিত্রের নামের পরে প্রথম বন্ধনি আবদ্ধ মুক্তির সাল উল্লেখ করতে হবে, যেমন- মুখ ও মুখোশ (১৯৫৬)।
- ◆ লেখার সফট কপি ডকুমেন্ট ও পিডিএফ উভয় ফরমেটে অনলাইনে এবং হার্ড কপি ডাক মারফত বা সরাসরি বাংলাদেশ ফিল্ম আর্কাইভে পাঠাতে হবে।
- ◆ পরিশিষ্ট অংশে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল-এর নির্ধারিত নিয়মানুসারে রেফারেন্স/সূত্র/গ্রন্থপঞ্জি ব্যবহার করতে হবে (ওয়েবসাইট দ্রষ্টব্য)।
- ◆ লেখার সঙ্গে লেখকের সংক্ষিপ্ত পরিচিতি, ঠিকানা, ই-মেইল ও ফোন নম্বর থাকতে হবে।

লেখা আগামী ১৯ ফেব্রুয়ারী ২০১৮ তারিখের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ঠিকানায়/ই-মেইলে পৌছাতে হবে।

লেখা অনুমোদিত ও জার্নালে মুদ্রিত হলে নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হবে।


শচীন্দ্র নাথ হালদার
মহাপরিচালক
ফোন: ৯১১১৭৭২